

## ল্যাসিক এর পর জীবনধারা ও মানসিকতার উন্নতি

ডাঃ রশিদ হায়দার

শারীরিক আরও অনেক কারনের মত চোখের কিছু কারনেও মানুষের হীনমন্যতা বা inferiority complex হতে পারে। এর প্রধান চারটি কারনে সবাই একমত হবেন। সেগুলি হল:




- ১। অন্ধ ও কুৎসিত চোখ
- ২। টারার চোখ
- ৩। ফুলি পড়া চোখ (corneal scar)
- ৪। মোটা চশমা

একটু চেষ্টা করলে আমাদের সমাজে এর প্রত্যেকটার উপহার কোন অভাব নেই। এর সবগুলোই হীনমন্যতা ও দুর্বল মানসিকতার বিশেষ কয়েকটি কারন। প্রায়ই দেখা যায় এরা হীনমন্যতার জন্য চোখ তুলে, চোখে চোখ রেখে তাকাতে পারেনা, জীবনের কোন উচ্চশিখরে উঠতে পারেনা। ক'জন টারার চোখের মানুষ দেখেছেন যারা জীবনে খুব বড় কিছু করেছে। দেখলেও হয়ত দু'একজন মাত্র। বড় নগণ্য সে সংখ্যা। ছোটবেলা থেকেই তারা মানুষকে এড়িয়ে চলে, কোন কিছু নিয়ে সামনে এগিয়ে যেতে সংকোচ বোধ করে। শুধু চোখের কারনেই তাদের ব্যক্তিত্ব প্রস্তুটিত হতে পারেনা।

এখানে আমাদের প্রসঙ্গ মোটা চশমা ও মানসিকতা এবং ল্যাসিকের পর সেই মানসিকতার পরিবর্তন। ল্যাসিক করলে দৃষ্টিশক্তি ও দৃষ্টির মান উন্নত হয় যা এখন সর্বজনবিদিত। ল্যাসিক করলে যে মানসিকতার উন্নতি এটাও বোঝা যায় সদ্য ল্যাসিক করানো মানুষের সাথে কথা বললে, তাদের উৎসুকতা ও হাসিখুসি মনোভাব দেখলে। ল্যাসিক সার্জনের চোখে তাঁর রোগীর অপারেশনের আগে ও পরের মানসিকতা ও জীবনধারায় পরিবর্তন অত্যন্ত লক্ষনীয়। এখন রীতিমত বৈজ্ঞানিক পরিসংখ্যান দিয়ে, বৈজ্ঞানিক উপায়ে এই উন্নত মানসিকতার মান মাপা পর্যন্ত হচ্ছে। আমেরিকার জনপ্রিয় ল্যাসিক পত্রিকা Eye World এর একটি লেখা থেকে তুলে ধরা হল এ প্রসঙ্গে-

ল্যাসিক সার্জন আলভারেজ সেভজয় বলেন "ল্যাসিক" যে মানসিক বিশেষজ্ঞের বিকল্প হবে একথা আমি কোনদিনই বলব না তবে ল্যাসিক করলে যে সেই মানুষের মানসিক পরিবর্তনের ছাপ সবার চোখে পড়ে এতে কোন সন্দেহ নেই। 'সন্দেহ নেই' কথাটা এতদিন শুধু মানুষের মুখের কথা ছিল। কিন্তু এখন সেটা বৈজ্ঞানিক মাপকাঠির মাধ্যমে প্রমাণিত এবং এই সত্যতা প্রমাণ করতে অনেকে কাজ করে চলেছেন। এখানে সে সবার বিশেষ কয়েকটি ফলাফল দেওয়া হল। এতে তেইশটি প্রশ্ন আছে যার মধ্যে সামাজিক উন্নতি, নিদ্রার মান, ধর্মীয় জীবনে সন্তোষ, মানুষের সাথে সম্পর্কের মানের উন্নতি ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য।

ল্যাসিক সার্জন আলভারেজ তাঁর রোগীদের অপারেশনের আগে এবং এক মাস পর একই প্রশ্নপত্র দিয়ে যে উত্তরগুলো পেয়েছেন তার কিছু ফলাফল এই চার্টগুলোতে দেখবেন।



আসল কথা হল ল্যাসিক শুধু দৃষ্টি নয় জীবনের মানকেও নানাভাবে উন্নত করে জীবনে সুখী হতে সাহায্য করে।

### আপনি কি ল্যাসিক করানোর উপযুক্ত?

যদি জানতে চান তাহলে অনুগ্রহপূর্বক নীচের ফরমটি পূরণ করে আপনার নাম ও ঠিকানা লিখে একটি পোস্টাল খামসহ আমাদের ঠিকানায় পাঠিয়ে দিন

আপনার চিঠি পেলে আপনি ল্যাসিক করানোর উপযোগী কিনা তা জানিয়ে উত্তর দেওয়া হবে।

শুধুমাত্র  
ল্যাসিক করাতে  
আগ্রহীদের জন্য

নাম:

ঠিকানা:

চশমার পাওয়ার-

ডান চোখ:

বয়স:

ফোন:

বাম চোখ:

পুরুষ/মহিলা

মোবাইল:

দৃষ্টি আকর্ষণ

ল্যাসিক সাইট  
সেন্টারে সাপ্তাহিক  
অপারেশনের দিন

প্রতি মঙ্গলবার